



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

বিডিবিএল ভবন (লেভেল- ১১), ৮ রাজউক এডিনিউ, ঢাকা- ১০০০।

ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

বিষয়ঃ আইসিবি ইউনিট ফান্ড এর লভ্যাংশপত্র বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

আইসিবির ব্যবস্থাস্থানে পরিচালিত "আইসিবি ইউনিট ফান্ড" এর ২০১৬-২০১৭ অর্থবছরের ৩০ জুন, ২০১৭ তারিখে ধারণকৃত সম্মানিত ইউনিট ধারকগণের জন্য ঘোষিত লভ্যাংশ ইউনিট প্রতি ৪৫.০০ টাকা হিসেবে প্রাপ্য লভ্যাংশপত্রসমূহ বিতরণ ও গ্রহণের নিমিত্ত নিম্নোক্ত বিষয়াদি (Subject Matter) সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রদত্ত হলোঃ

- সম্মানিত ইউনিট ধারকগণ নিজে বা তাঁর মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা অর্পণপত্র (Authorization Letter) সহ ইউনিট ফান্ড ডিপার্টমেন্টের উপরোক্ত কার্যালয় হতে আগামী ১০-০৮-২০১৭ তারিখ হতে ০৫-০৯-২০১৭ তারিখ পর্যন্ত সকাল ১০.৩০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে হাতে হাতে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- আইসিবি শাখা কার্যালয়সমূহ হতে ক্রয়কৃত ইউনিট ধারকগণ স্ব-স্ব শাখা কার্যালয় হতে লভ্যাংশপত্র গ্রহণ করতে পারবেন।
- আইসিবি অনুমোদিত ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের শাখা কার্যালয়সমূহ হতে ক্রয়কৃত ইউনিট ধারকগণকে লভ্যাংশপত্র সংগ্রহের জন্য লিখিত আবেদনপত্রে স্ব-স্ব শাখা কার্যালয় হতে "স্বাক্ষর" সত্যায়নপূর্বক আগামী ১০-০৮-২০১৭ তারিখ হতে ০৫-০৯-২০১৭ তারিখের মধ্যে অত্র ডিপার্টমেন্ট হতে লভ্যাংশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- আগামী ০৫-০৯-২০১৭ তারিখের পর অবিতরণকৃত লভ্যাংশপত্রসমূহ ইউনিট ধারকগণের আবেদনপত্রে প্রদত্ত ঠিকানায় রেজিস্টার্ড এ/ডি যোগে প্রেরণ করা হবে।
- Online System এ আবেদনকৃত ইউনিট ধারকগণের প্রাপ্য লভ্যাংশ স্ব-স্ব ব্যাংক হিসাবে ১০-০৮-২০১৭ তারিখে প্রেরণ করা হবে।

স্বাক্ষরিত/-

ধনঞ্জয় কুমার মজুমদার

সহকারী মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৬১০৭৪